

‘পাবলিক স্পিকিং প্রতিযোগিতা’ এর নির্দেশিকা

পুষ্টি সংবেদনশীল এবং কিশোর-কিশোরী বান্ধব স্থানীয় খাদ্য ব্যবস্থা

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) একটি বার্ষিক বিশ্বব্যাপী অনুষ্ঠান যেখানে কিশোর-কিশোরী এবং যুবক-যুবতীরা উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্য এবং পুষ্টি প্রচারের জন্য তাদের অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার, পুষ্টি সম্পর্কিত তাদের উদ্বেগ এবং চ্যালেঞ্জগুলি প্রকাশ করার এবং কার্যকর সমাধান অনুসন্ধান করার এবং নেটওয়ার্ক তৈরি করার সুযোগ পায়। বিড ফাউন্ডেশন ২০১৭ সাল থেকে বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সহযোগিতায় এই কর্মসূচি আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫, এই উদ্যোগের ৮ম সংস্করণ ২৪-২৫ই এপ্রিল বাংলাদেশের ঢাকায় অনুষ্ঠিত হবে। শিশু-কিশোর এবং যুবক-যুবতীদের একক এবং দলগতভাবে নিউট্রিশন ক্লাবগুলির নেটওয়ার্কের মাধ্যমে জড়িত হতে উৎসাহিত করা হচ্ছে। ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, প্রকল্প প্রস্তাবনা, কর্মশালা, প্রশিক্ষণ ও পোস্টার প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে পাবলিক স্পিকিং সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। ০৬ থেকে ২৪ বছর বয়সীমার মধ্যে যে কেউ 'পাবলিক স্পিকিং প্রতিযোগিতা' অংশগ্রহণ করতে পারবে। পাবলিক স্পিকিং প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশিকা নিচে দেয়া হলো:

পাবলিক স্পিকিং প্রতিযোগিতা

পাবলিক স্পিকিং প্রতিযোগিতা এমন একটি অনুষ্ঠান যেখানে ব্যক্তির তাদের বক্তৃতা, যোগাযোগ এবং উপস্থাপনা দক্ষতা প্রদর্শনের লক্ষ্যে শ্রোতাদের সামনে বিষয় ভিত্তিক বক্তৃতা উপস্থাপন করে।

বয়স গ্রুপ:

গ্রুপ এ	গ্রুপ বি	গ্রুপ সি
০৬-১০	১১-১৮	১৯-২৪

প্রতিপাদ্য বিষয়:

গ্রুপ এ: আমার প্লেট; আমার স্বাস্থ্য।

গ্রুপ বি: পুষ্টি সম্পর্কে জ্ঞানই উন্নত ভবিষ্যতের চাবিকাঠি।

গ্রুপ সি: বিজ্ঞাপন অস্বাস্থ্যকর খাবার পছন্দকে প্রভাবিত করে।

যোগ্যতা:

- অংশগ্রহণকারীদের ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) নিবন্ধন ফর্ম পূরণ করতে হবে এবং নিবন্ধনের সময় 'পাবলিক স্পিকিং' নির্বাচন করতে হবে।
- নির্দিষ্ট বয়সের যেকোনো অংশগ্রহণকারী যোগ দিতে পারবেন।
- প্রতিযোগীরা শুধুমাত্র এককভাবে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।
- অংশগ্রহণকারীদের মৌলিক আইটি সুবিধা থাকতে হবে (যেমন- ফোন, ইমেইল, হোয়াটসঅ্যাপ বা জুম অ্যাকাউন্ট)
- অংশগ্রহণকারীরা শিক্ষকদের উপস্থিতিতে তাদের নিজস্ব প্রতিষ্ঠানে কার্যক্রম পরিচালনা করবেন।

রেজিস্ট্রেশন:

সমস্ত অংশগ্রহণকারীকে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫- এর নির্দিষ্ট ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ ওয়েবসাইটের নিবন্ধন লিঙ্কে ক্লিক করুন(www.nutritionolympiad.net) এবং নিবন্ধনের সময় 'পাবলিক স্পিকিং' নির্বাচন করুন।

রেজিস্ট্রেশনের সময়সীমা: মার্চ ৩১, ২০২৫ (রাত ১১টা ঢাকা সময়)

জমা দেয়ার সময়সীমা: এপ্রিল ০৬, ২০২৫ (রাত ১১টা, ঢাকা সময়)

পাবলিক স্পিকিং প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনা:

১. প্রতিযোগীর তথ্য:

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর এবং ইমেইল।

২. ভাষা: বাংলা অথবা ইংরেজি।

৩. নির্বাচন প্রক্রিয়া:

প্রাথমিক নির্বাচন:

- অংশগ্রহণকারীদের জুমের মাধ্যমে অনলাইনে অথবা নিজ নিজ স্কুলে সরাসরি প্রতিযোগিতায় যোগদানের সুযোগ রয়েছে।
- ব্যক্তিগতভাবে পাবলিক স্পিকিং প্রতিযোগিতার জন্য, স্কুলগুলি প্রতিটি স্কুল থেকে শীর্ষ ৩ জন বক্তা নির্বাচন করবে।
- অনলাইন প্রাথমিক পর্যায়ের জন্য জুম লিঙ্কটি ইমেইল এবং হোয়াটসঅ্যাপের মাধ্যমে শেয়ার করা হবে।
- অংশগ্রহণকারীদের ২ মিনিটের মধ্যে বক্তব্য উপস্থাপন করতে হবে।
- অনলাইন অংশগ্রহণকারীদের প্রতিযোগিতার সময় তাদের ক্যামেরা চালু রাখতে হবে।
- ১৮ বছরের কম বয়সী অংশগ্রহণকারীদের পিতামাতা বা অভিভাবকদের সম্মতি প্রয়োজন।

চূড়ান্ত নির্বাচন:

- প্রতিটি গ্রুপ থেকে ৫জন অংশগ্রহণকারীকে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫-এ সশরীরে অংশগ্রহণের জন্য নির্বাচিত করা হবে। নির্বাচিত অংশগ্রহণকারীদের 'পাবলিক স্পিকিং প্রতিযোগিতার' জন্য একটি থিম দেওয়া হবে এবং চূড়ান্ত রাউন্ডের জন্য ৩ মিনিট সময় বরাদ্দ করা হবে।

স্কোর ক্রাইটেরিয়াঃ

ক্রম	বিষয়	নাম্বার
০১	মূল বিষয়	৩০
০২	বিষয়ের উপস্থাপনা	২০
০৩	সঠিক তথ্য ও ব্যাখ্যা	২৫
০৪	উচ্চারণ	১৫
০৫	নিয়ম অনুসরণ	১০
মোট		১০০

বিশেষ দ্রষ্টব্য:

- কার্যক্রম অবশ্যই প্রতিযোগীদের নিজস্ব এবং মৌলিক হতে হবে, তবে পরামর্শকদের সহায়তা গ্রহণ করা যেতে পারে।
- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। যেকোনো ধরনের অনৈতিক আচরণ করলে তাৎক্ষণিকভাবে অযোগ্য ঘোষণা করা হবে।
- ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫-এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের ঘোষণা করা হবে।

যোগাযোগ:

'পাবলিক স্পিকিং প্রতিযোগিতা' সম্পর্কে আপনার যেকোনো তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুন:

+৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ইমেইল: ino@biid.org.bd

একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩ (তিন) টি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।